



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৬-০৪-২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধুর সমাধিতে পাবিপ্রবির নবনিযুক্ত উপাচার্য ও উপ-উপাচার্যের শ্রদ্ধাজ্ঞাপন

২৬-০৪-২০২২: গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন ও উপ-উপাচার্য অধ্যাপক ড. এস. এম. মোস্তফা কামাল খান মহোদয়। আজ মঙ্গলবার দুপুরে পাবনা থেকে টুঙ্গিপাড়ায় পৌঁছে তাঁরা জাতির পিতার সমাধি সৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান।



বঙ্গবন্ধুর সমাধিতে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য ও উপ-উপাচার্যের শ্রদ্ধাজ্ঞাপন

শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতা ও তাঁর পিতামাতার কবর জিয়ারত করেন এবং বঙ্গবন্ধুসহ ১৫ আগস্টে নিহত সকল শহিদ ও মহান মুক্তিযুদ্ধসহ বাঙালির সকল আন্দোলন সংগ্রামে শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়। শ্রদ্ধা জানানোর সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানগণ, প্রভোস্টগণ, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, রেজিস্ট্রার ও দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

এরপর উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন ও উপ-উপাচার্য অধ্যাপক ড. এস. এম. মোস্তফা কামাল জাতির পিতার সমাধিসৌধ কমপ্লেক্স পরিদর্শন করেন এবং পরিদর্শন বইতে মন্তব্য লিখে স্বাক্ষর করেন। মন্তব্য বইতে উপাচার্য লেখেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতি রাষ্ট্রের মহান স্থপতি এবং আমাদের জাতির পিতা। তাঁর অসাম্প্রদায়িক, বৈষ্যম্যহীন ও শোষণমুক্ত সোনার বাংলাকে বিনির্মাণের চেতনাকে এগিয়ে নেওয়া আমাদের দায়িত্ব। জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সহযোগী হয়ে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কাজ করে যাবে। বঙ্গবন্ধুর আদর্শকে আমরা আমাদের শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দেব। চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভূমিকা রাখবে। জাতির পিতা ও তাঁর পরিবারের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করছি।

এসময় উপাচার্যের সাথে উপ-উপাচার্য অধ্যাপক ড. এস.এম মোস্তফা কামাল খান উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, গত ১৩ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক (অবঃ) বিশিষ্ট পরিবেশ বিশেষজ্ঞ অধ্যাপক ড. হাফিজা খাতুন উপাচার্য এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন ও অনুজীব বিজ্ঞানের অধ্যাপক ড. এস.এম. মোস্তফা কামাল উপ-উপাচার্য হিসেবে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন।

বার্তা প্রেরক-

২৬-০৪-২০২২

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ-পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।